গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
www.latc.gov.bd

স্মারক নং-৩১.০৪.০০০০.০০০. ১১.০০১.২০১৮-৫২৬

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৩৭.১১,০০১.১৮-৩৪৪, তারিখ-০৯/১২/২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নির্দেশক্রমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১ | সহকারী লাইব্রেরীয়ান<br>গ্রেড-১১<br>(১২,৫০০-৩০,২৩০/-) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সম্মান ডিগ্রি; অথবা<br>(আ) ডিপ্লোমাসহ স্নাতকোত্তর বা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সম্মান ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | শরীয়তপুর, চাঁদপুর, নড়াইল, নোয়াখালী, সিরাজগঞ্জ ও বরিশাল।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | লাইব্রেরী সহকারী কাম-ক্যাটালগার<br>গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা।<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | |
| ৩ | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ সাঁটলিপিতে প্রতিমিনিটে-যথাক্রমে ইংরেজী ৭০ শব্দ ও বাংলা ৪৫ শব্দ এবং টাইপিং এর গতি ইংরেজী ৩০ ও বাংলা ২৫ শব্দ। | |
| ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ইংরেজি ও বাংলা টাইপিং-এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | |
| ৫ | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | (ক) কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৬ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, মুন্সিগঞ্জ, ফরিদপুর, চাঁদপুর, রাজশাহী, চট্টগ্রাম, ময়মনসিংহ।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৭ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) নিয়োগকারী কর্তৃপক্ষ নির্ধারিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। | |

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক. ৩০/০৪/২০১৯ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কনার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ছ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**৩. আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://latc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/০৪/২০১৯ খ্রিঃ, সকাল- ০৯:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/০৪/২০১৯ খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১—৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৬—০৭ নম্বর ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ০৬.০০ টাকা মোট ৫৬/- (ছাপান্ন) বাহাত্তর ঘন্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: latc<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example: latc ABCDEF*

*Reply: Applicant's Name, Tk-56 will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type latc<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: latc<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example: latc YES XXXXXXXX*

***Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for latc Application for t xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).***

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://latc teletalk.com.bd **অথবা ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ওয়েবসাইট** www.latc.gov.bd **এবং প্রার্থীর মোবাইল ফোনে** SMS-**এর মাধ্যমে** (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা,** SMS **পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষা ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।**

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে latc<space>HELP<space>USER<space>User ID & Send to 16222.
   Example: latc HELP USER ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: latc<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
   Example: latc HELP PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(তাসলিমা মোস্তারী)
সহকারী পরিচালক (প্রশাসন)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
ফোন :৯৬৭৪৪৩১